
BARISHAL UNIVERSITY JOURNAL
ISSN: 2411-247X
Dedicated to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman
BARISHAL UNIVERSITY JOURNAL
ARTS & HUMANITIES
Volume - 4, Issue - 2, December - 2020
মুজিব শতবর্ষ
MUJIB 100
FACULTY OF ARTS & HUMANITIES
UNIVERSITY OF BARISHAL

**Title of the Article**
Environmental Consciousness of *Ruposhi Bangla*

**Author**
Sanjoy Kumar Sarker

Assistant Professor

Department of Bengali

University of Barishal, Bangladesh.

**Publication Details**

Journal Name: Barishal University Journal Arts & Humanities

Volume & Issue: 04 & 2

Publication Date: December 2020

Page Range: 135–147

ISSN: 2308-6432

**Abstract/Key Highlights**
Jibanananda Das's poetry is deeply rooted in nature. He finds refuge in nature in life, despair, and even death, portraying both human suffering and the decay of nature through natural imagery. He perceives life in both living and non-living elements and expresses the silent material world poetically. His works, especially *Ruposhi Bangla*, vividly depict rural Bengal, including trees, plants, animals, and birds, contrasting it with the exhaustion of modern urban life. In the context of environmental crisis and human exploitation of nature, his poetry can be analyzed through the lens of ecocriticism, which is the main focus of this discussion.

**Citation Note**
This is a digital version of the article preserved from the author's personal collection. Although the page numbers here have been kept consistent with the printed copy as much as possible, researchers are kindly requested to follow the metadata and pagination of the original printed journal for academic citations.

# প্রবন্ধের শিরোনাম : *রূপসী বাংলা* কাব্যের পরিবেশভাবনা

**গবেষক**
সঞ্জয় কুমার সরকার
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
বরিশাল বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ।

**প্রকাশনা তথ্য**
জার্নালের নাম : Barishal University Journal Arts & Humanities
ভলিউম ও সংখ্যা : ০৪ ও ০২
প্রকাশকাল : ডিসেম্বর ২০২০
পৃষ্ঠা নম্বর : ১৩৫-১৪৭
ISNN : 2411-247X

**সাইটেশন নোট**
এই সংস্করণটি লেখকের ব্যক্তিগত সংগ্রহ থেকে সংরক্ষিত সফটকপি। যদিও এখানে পৃষ্ঠা নম্বর যথাসম্ভব মুদ্রিত কপির সঙ্গে মিল রাখা হয়েছে তবুও গবেষণার কাজে ব্যবহারের সময় অনুগ্রহ করে মূল মুদ্রিত জার্নালের তথ্য ও পৃষ্ঠা নম্বর অনুসরণ করুন।

# BARISHAL UNIVERSITY JOURNAL OF ARTS & HUMANITIES

Volume - 4, Issue - 2, Mujib Centenary Edition, December - 2020

**Published by**
Professor Dr. Md. Sadequl Arefin

**Editor-in-Chief**
Dean (In-Charge), Faculty of Arts & Humanities
University of Barishal, Barishal 8200, Bangladesh

**Editorial and Business Address**
Dean (In-Charge)
Faculty of Arts & Humanities
University of Barishal, Barishal 8200, Bangladesh

**Price**
Taka 500.00
US $ 10.00

**Printed by**
Ekush Printers
Paltan Tower
87, Purana Paltan Line, 2nd Floor, Dhaka
Cell : 01711 26 09 09
E-mail : nister2012@gmail.com

**Barishal University Journal of Arts & Humanities**
**Volume - 4, Issue - 2, Mujib Centenary Edition, December - 2020**
ISSN 2411-247X

## EDITORIAL BOARD

**Editor-in-Chief**
**Professor Dr. Md. Sadequl Arefin**
Dean (In-Charge), Faculty of Arts & Humanities
University of Barishal, Barishal 8200, Bangladesh

**Associate Editor**
**Yasif Ahmad Faysal**
Chairman, Department of English, University of Barishal

**Members**

**Chairman**
Department of English, University of Barishal

**Chairman**
Department of Bangla, University of Barishal

**Chairman**
Department of Philosophy, University of Barishal

**Chairman**
Department of Mass Communication and Journalism, University of Barishal

**Chairman**
Department of History and Civilization, University of Barishal

**Dr. Dulal Chandra Biswas**
Dept. of Mass Communication and Journalism, University of Rajshahi

**Dr. Mohammad Anwarul Islam**
Professor
Department of History, University of Chittagong

**Dr. Anirudha Kahaly**
Professor
Department of Bangla, Jahangirnagar University, Savar, Dhaka-1342, Bangladesh.

**Dr. Jasim Uddin**
Professor
Department of Philosophy, University of Dhaka

## Editorial

It is our great honour and privilege to declare the regular edition(issue-2 volume 4) of the journal of the faculty of Arts and Humanities as the 'Mujib Centenary' edition to mark the birth centenary of Bangabandhu Sheikh Mujibur Rahman, the greatest son our land has ever produced. As the Mujib Year is being fervently observed within the border of Bangladesh and beyond, this particular edition is meant to be an expression of our solidarity with the cherished ideals and vision of Bangabandhu Sheikh Mujibur Rahman, the Father of the Nation, whose glorious presence in our history gives meaning to all our liberation struggles of the past and independence in 1971.

As the global humanity is going through the troubled period of deadly Covid pandemic, it is relevant for us to remember that Bangabandhu himself had encountered numerous odds and challenges in his iconic life as the undisputed leader of the Bengal and he finally overcame them all with his characteristic moral courage and resilience. His undying resolve to stand for the causes of ordinary people and his unrelenting endeavour to found a social and political order based on equality and secularism serve us an important message that we too must go ahead, inspite of the pitfalls and challenges of the pandemic, to complete our unfinished tasks and thus fulfil our commitment to country and people. This Bangabandhu edition marks our commitment to continue our academic life and expand, as much as we can, the scope of our intellectual exploration and scholarly research.

We have spared no effort in trying to make sure that this journal fully lives upto its status as the Mujib Centenary edition. Special emphasis is put in place to make the journal truly interdisciplinary and international in scope and standard. However, our tribute to the Father of the Nation in the Mujib Year will be fulfilling if this special edition ushers in qualitative changes within academia and beyond, and thus, help us realize Bangabandhu's vision of an intellectually independent and culturally liberal Bangladesh.

with thanks

**Professor Dr. Md. Sadequl Arefin**
Editor-in-Chief
Barishal University Journal of Arts & Humanities

**This issue is dedicated to the Father of the Nation**
**Bangabandhu Sheikh Mujibur Rahman**

## CONTENTS

*সাহিত্যের আলোয় আমার দেখা নয়াচীন*
ড. রবিউল হোসেন
9-19

**নভেল করোনা ভাইরাসের বিস্তাররোধ ও ভ্যাকসিন বণ্টনের ন্যায্যতা : একটি নৈতিক বিশ্লেষণ**
ড. আকিকুল হক
21-30

***সংশপ্তক*: বাঙালি মুসলমানের আত্মপ্রকাশ**
উন্মেষ ধর
31-39

***অমরগীতি* চলচ্চিত্র : নিধুবাবুর টপ্পাগান এবং তৎকালীন সমাজ**
এ. কে. এম. কৌশিক আহমেদ
41-51

**চণ্ডীদাসের "মরম না জানে ধরম বাখানে" কবিতায় সাধ্য-সাধনতত্ত্বের স্বরূপ**
কুশল বরণ চক্রবর্ত্তী
53-61

**সতীনাথ ভাদুড়ীর *সংকট* : অন্তর্লোকের বয়ান ও নির্মাণ**
ড. মাখন চন্দ্র রায়
63-76

**বরিশাল জেলায় রাজনৈতিক দলসমূহের কর্মতৎপরতা : ১৮৮৫-১৯৪৭**
মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী
77-94

**ইতিহাস ও দর্শন : একুশ শতকের অভিমুখ**
ড. মোঃ মাসুদ আলম
মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী
95-106

**This issue is dedicated to the Father of the Nation**
**Bangabandhu Sheikh Mujibur Rahman**

**মহাশ্বেতা দেবীর *বেহুলার বারোমাস্যা* : ব্রাত্যজনের কথকতা**
মোঃ সবুজ মিয়া
107-120

**মঞ্জু সরকারের ছোটগল্প : বিষয়বৈচিত্র্য ও শিল্পরূপ**
লোকমান কবির
121-134

***রূপসী বাংলা* কাব্যের পরিবেশভাবনা**
সঞ্জয় কুমার সরকার
135-147

**আবদুল হকের প্রবন্ধে রেনেসাঁস ও রাজনীতির রূপায়ণ**
সুলতানা নাজনীন
149-157

**দাম্পত্য জীবনে নৈতিকতা : ইসলামি দৃষ্টিকোণ**
শারমিন সুমি
159-178

**Problems of Enhancing Speaking Skill through Classroom Interaction of Secondary and Higher Secondary levels ESL/EFL Learners of Barishal, Bangladesh**
Md. Arif Hosen
179-194

**Revisiting the Early Trading and Cultural Connectivity between Bengal & Burma: An Analysis of Archeological and Historical Evidences**
Md. Habibullah
195-214

**Understanding Utilitarian Generalization**
Dr. Md. Iqbal Shahin Khan
215-220

***Abhijnanasakuntalam*'s Dystopia vs. the Utopia in *Sultana's Dream*: A Study of Indian Womanhood and Male Chauvinism**
Md. Mijanur Rahman
Tabassum Islam Nabanee
221-237

Barishal University Journal Arts & Humanities, Vol-4, Issue-2, Mujib Edition, December 2020, Barishal, Bangladesh ISSN : 2411-247X

# *রূপসী বাংলা* কাব্যের পরিবেশভাবনা

সঞ্জয় কুমার সরকার*

**Abstract:** The history of poetry of Jibanananda Das (1899-1954) is a depiction of green nature. In life, in survival, in despair and even in death, he has taken refuge in nature. Jibanananda is like the son of nature. In his poems, he depicts the decaying, dying, depressing life of human life in the image of nature, as well as the depressing and decaying form of nature. Sometimes his nature has become like a stream of hundreds of springs. He finds the meaning of life in the elusive nature of the universe and the speechless inert nature. He felt the vibration of life not only in the life-giving entity but also in the lifeless entity. He has expressed the unspoken material world of the environment in the language of poetry. Sad Jibanananda was able to realize the horrible form of a feathered bird, its ugly form when the manuscript is dirty. The catastrophic pain of the big city occupies a large part of his poetry. The description of the perfect tree-herb and grass in Ruposhi Bangla also amazes a botanist. Why only trees have presented, the world of animals and birds with equal importance. The rural areas of Bangladesh became the basis of the imaginary world. That the aggrieved poet creates in a perfectly balanced environment after seeing the tired and ruined form of modern urban life. In the face of giant civilization and machine aggression, unbridled lust and unequal competition for advancement. People have inflicted various forms of oppression on the ecosystem of this world. In the last half of the twentieth century, environmental-based thinking has taken a big Issue in literature. Although literature has always embraced the environment, structural discussions on the subject first began in the twentieth century. One of the works of the theory called ecocriticism is the presentation of the seeds of the thoughts that the environmental scientists are hearing as the temperature of the earth is increasing day by day. The main purpose of this discussion is to judge the Ruposhi Bangla of Jibanananda Das from that point of view.

**keywords:** ecocriticism, environment, environmentalism, environmentalist literary theory, nature, literature and the relationship of the environment.

সহজভাবে বাস্তুতন্ত্র ও সাহিত্যের মধ্যে অধ্যয়নকে ইকোক্রিটিসিজম হিসেবে চিহ্নিত করা হয়। সাহিত্য কোন দৃষ্টিতে পৃথিবীকে দেখছে তা এই তত্ত্বের অন্যতম আলোচ্য বিষয়। এমনকি পত্রিকার খবর, কর্পোরেট বিজ্ঞাপন, টেলিভিশনে প্রকৃতির ডকুমেন্টেশন কোন ধরনের প্রভাব রাখে পরিবেশের ওপর তাও ইকোক্রিটিসিজমের আলোচনার বিষয়। শুধু সাহিত্যের দৃষ্টিতে বিজ্ঞান নয় বরং বিজ্ঞান কোন দৃষ্টিতে সাহিত্যকে দেখে তার পারস্পারিক ব্যাখ্যা দাঁড় করানো সম্ভব ইকোক্রিটিক তত্ত্ব দ্বারা। ইকোক্রিটিসিজমের মধ্য দিয়ে সাহিত্য ও পরিবেশ অধ্যয়নের মধ্যে একটি পারস্পরিক সম্পর্কযুক্ত পাঠ তৈরি সম্ভব। প্রকৃতির সাথে সংস্কৃতির সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলো বিশ্লেষণের মাধ্যমে জানা সম্ভব যে, কোন সংস্কৃতি প্রকৃতি সহায়ক আর কোনটি প্রকৃতি বিরোধী। কেননা সংস্কৃতির দুটি রূপ- একটি মানুষ কর্তৃক সৃষ্ট রীতিনীতি ও রেওয়াজ অন্যটি স্বয়ং ভৌগোলিক পরিবেশে গড়ে ওঠা রীতি। ১৯৭৮ সালে উইলিয়াম রাকার্ট পরিবেশবাদী সাহিত্যভাবনাকে 'Literature and Ecology : An Experiment in Ecocriticism' নামক প্রবন্ধে তাত্ত্বিকভাবে উপস্থাপন করেন। আমরা যেভাবেই বলি না কেন পরিবেশবাদী ভাবনা আজ আমাদের স্মরণ করিয়ে দিচ্ছে যে আমরা পরিবেশ বিপর্যয়ের প্রান্তসীমায় পৌঁছেছি। প্রাকৃতিক উপাদানের যথেচ্ছ ব্যবহারের কারণে মৌলিক জীবন ধারণের উপাদানগুলো নষ্টের দ্বারপ্রান্তে। হয় আমাদের জীবনযাপনের পথ

---

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়*

বদলাতে হবে নতুবা বিপর্যস্ত পরিবেশ সাড়িয়ে তুলতে হবে। তা না পারলে আমাদের ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হতে হবে। বাস্তুসংস্থান কীভাবে কাজ করে শুধু সেটুকুই নয় বরং আমাদের নীতিগত সিস্টেমগুলো কীভাবে কাজ করে যার কারণে আমরা আজ একটি বিশ্বব্যাপী সংকটের মুখোমুখি তা খতিয়ে দেখা জরুরি।

বর্তমানে বিশ্বের বনভূমি রক্ষার প্রসঙ্গটি পৃথিবীর প্রথম সারির নেতাদের মুখে বারবার উঠে আসছে। কিন্তু কাজের কাজ কিছু হচ্ছে না। উপরন্তু খুন হচ্ছেন পরিবেশ রক্ষার সাথে সংশ্লিষ্ট মানুষজন। গ্লোবাল উইটনেস পত্রিকার রিপোর্ট অনুযায়ী ২০০২ থেকে ২০১৮ সালের মধ্যে ৫০টি দেশে বনভূমি রক্ষা করতে গিয়ে ১৭৩৮ জন মানুষ প্রাণ হারিয়েছেন। ১৯৮৮ সালে ব্রাজিলের পরিবেশবিদ ও ট্রেড ইউনিয়ন নেতা চিকো মেন্ডিস (১৯৪৪-৮৮) দুর্বৃত্তদের হাতে খুন হন। ২০১১ সালে ব্রাজিলে একই কারণে খুন হয় জোস ক্লাদি ও রিবে এবং মারিয় দ্য এসপিরিতো। পরিবেশ বিপর্যয় ও পরিবেশভিত্তিক ভাবনাগুলোকে আমরা একনজরে দেখে নিলে বুঝতে পারবো কীভাবে ও কোন প্রক্রিয়ার ফলে পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব শক্ত ভিত্তির ওপর দাঁড়িয়েছে।

১৮৬৬ সালে জার্মান ভূতত্ত্ববিদ, পরিবেশবিদ ও দার্শনিক আর্নেস্ট হেকেল প্রথম Ecology শব্দটি ব্যবহার করেন। ১৯০৪ সালে তাঁর আলোচিত গ্রন্থ *Art Forms of Nature* প্রকাশিত হয়। আমেরিকার সামুদ্রিক জীববিজ্ঞানী ও পরিবেশ আন্দোলনের পুরোধা রাসেল লুইস কারসনের সাইলেন্ট স্প্রিং গ্রন্থটি ১৯৬২ সালে প্রকাশ পেলে পরিবেশবাদীদের কাছে তা নতুন ভাবনার দুয়ার উন্মোচিত হয়। তাঁর সমুদ্র বিজ্ঞান ও পরিবেশের ওপর তিনটি প্রধান গ্রন্থের মধ্যে *সাইলেন্ট স্প্রিং* সর্বশেষ গ্রন্থ। কীটনাশকের অপব্যবহারের ফলে কীভাবে তা খাদ্যশৃঙ্খলের মধ্যে ঢুকে পড়ছে তা তিনি প্রথম আলোচনা করেন। *সাইলেন্ট স্প্রিং* এ তিনি দেখান বনের পাখিরা বসন্তেও গান গাইছে না। প্রথম দিকে কারসনের বক্তব্যকে অনেকেই একপেশে মনেকরেছিলেন। এমনকি অভিযোগ করা হয়েছিল তিনি আতঙ্ক ছড়াচ্ছেন। কিন্তু পরে মার্কিন সমীক্ষায় বৈজ্ঞানিকভাবে এসব ব্যাপারে সত্যতা মেলে। আমেরিকার তৎকালীন প্রেসিডেন্ট জন এফ কেনেডি কারসনের বক্তব্য মেনে নেন। রাসেল লুইস কারসনকে আধুনিক পরিবেশবাদের মাতা বলা হয়ে থাকে। ১৯৭০ সালে যুক্তরাষ্ট্রে প্রথম ধরিত্রী দিবস পালিত হয়। ১৯৮৩ সালে জার্মান গ্রিন পার্টি ওয়েস্ট জার্মান ফেডারেল পার্লামেন্টে ২৭টি আসনে জয়লাভ করে। যা জার্মানিতে সবুজ আন্দোলনের বড়ো প্রভাবক হিসেবে কাজ করে। ১৯৮৪ সালে ভারতের ভূপালে ইউনিয়ন কার্বাইড ইন্ডিয়া লিমিটেড এর কীটনাশক কারখানা থেকে দুর্ঘটনাবশত ৪০ টন মিথাইল আইসো সায়ানেট পরিবেশে ছড়িয়ে পড়ে। সাথে সাথে ১৫০০০ (পনেরো হাজার) এর বেশি মানুষ মারা যায়। সোভিয়েত ইউনিয়নে মারাত্মক চেরনোবিল দুর্ঘটনা সর্বজনবিদিত। ১৯৮৬ সালে নিউক্লিয়ার পাওয়ার স্টেশনের এই দুর্ঘটনা পরিবেশের জন্য মারাত্মক হুমকি ডেকে আনে। ১৯৮৮ সালে জাতিসংঘ পরিবেশ কর্মসূচি ও বিশ্ব আবহাওয়া সংস্থার উদ্যোগে প্রথম জলবায়ু সম্মেলন অনুষ্ঠিত হয়। এরই ফলে গঠিত হয় Intergovernmental Panel on Climate Change (IPCC)। প্রথিতযশা বিজ্ঞানীদের নিয়ে গঠিত এই প্যানেল প্রতিবেদনে জানায় যে, বায়ুমণ্ডলে কার্বন ডাই অক্সাইড, মিথেন, সিএফসি, নাইট্রাস অক্সাইডের মতো গ্রিন হাউস গ্যাসের পরিমাণ বেড়ে গেছে। এসকল গ্যাস পৃথিবীর জন্য বৃহৎ ক্ষতি ডেকে আনবে, পৃথিবীর তাপমাত্রা বাড়বে, মেরু অঞ্চলের বরফ গলে পৃথিবীর নিম্নভূমি প্লাবিত হবে। ১৯৮৮ সালে ব্রাজিলের পরিবেশবিদ ও ট্রেড ইউনিয়নের নেতা চিকো মেন্ডিসকে (১৯৪৪-৮৮) দুর্বৃত্তরা হত্যা করে। তিনি আমাজন বন সংরক্ষণ ব্যাপারে বড়ো আন্দোলন গড়ে তুলেছিলেন। ওজনস্তর রক্ষার জন্য ১৯৮৯ সালে মন্ট্রিল প্রোটোকল কার্যকর হয়। ১৯৯১ সালে জোনাথন বেইট এর *Romantic Ecology : Wordsworth and the Environmental Tradition* নামক গ্রন্থ প্রকাশ পায়।

ব্রাজিলের রিও ডি জেনিরোতে অনুষ্ঠিত রিও ধরিত্রী সম্মেলন বিংশ শতাব্দীতে পরিবেশ বিষয়ক আলোড়ন সৃষ্টিকারী সম্মেলন বলে পরিচিত। এরই পথ ধরে ১৯৯৭ সালে জাপানের কিয়োটো শহরে অনুষ্ঠিত সম্মেলনে গ্রিন হাউস গ্যাস নির্গমন বিষয়ে কিয়োটো প্রটোকল স্বাক্ষরিত হয়। রিও সম্মেলনের বছরই তথা ১৯৯২ সালে রেনো নেভেডায় Association for the Studz of Literature and Environment (ASLE) গঠিত হয়। কানাডা, যুক্তরাজ্য, আয়ারল্যান্ড, জাপান, কোরিয়া ও তাইওয়ান বর্তমানে এর সদস্য। সাহিত্যের সাথে পরিবেশের বিশেষায়িত পাঠের এই সংস্থাটি ইকোক্রিটিসিজমকে সাংগঠনিক রূপ দান করে। পরিবেশবাদী সাহিত্য পাঠের অংশ হিসেবে প্রবন্ধ ও পুস্তক প্রকাশ পেতে থাকে। ১৯৯২ সালে Greg Garrad এর বহুল আলোচিত *Ecocriticism* গ্রন্থটি প্রকাশ পায়। Cheryll Glotfelty ও Harold Fromm সম্পাদিত *The Ecocriticism Reader : Landmarks in Literary Ecology* (১৯৯৬) গ্রন্থটি পরিবেশবাদী সাহিত্য সমালোচনাকে আরও একধাপ এগিয়ে নেয়।

আমরা জানি এরপরও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কোপ সম্মেলন নামে অনেকগুলো কনভেনশন স্বাক্ষরিত হয়েছে। শেষ পর্যন্ত যুক্তরাষ্ট্র কিয়োটো প্রটোকলে স্বাক্ষর করেনি। যার কারণে পরিবেশ আন্দোলন বাধার সম্মুখীন হয়। বিজ্ঞানের এই ধারণা ধীরে ধীরে সাহিত্যতাত্ত্বিকদের দৃষ্টি আকর্ষণ করে এবং Association for the Study of Literature and Environment (ASLE) এর হাত ধরে গড়ে ওঠে পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব ভাবনা বিষয়টি।

ইকোক্রিটিসিজম বা পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব মূলত সাহিত্য ও পরিবেশের মধ্যকার বহুমুখী পাঠ। অন্যভাবে বলা যায় পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব হলো– সাহিত্য ও বস্তুজগতের মধ্যে সম্পর্কের নির্ণায়ক। পরিবেশবাদী পাঠ এমন একটি পদ্ধতি যা প্রচলিত পরিবেশভাবনাকে ধারণ করে পরিবেশের প্রতি সহানুভূতিশীল হয়ে সাহিত্য ও পরিবেশের সাথে সম্পর্ক নির্ণয় করে। এ তত্ত্বের মধ্যে পরিবেশ সম্পর্কে মানুষের পরিবেশ রক্ষার মনোভাব পরিলক্ষিত হয়। সাইমন স্টোক বলেন– 'তত্ত্ব হিসেবে ইকোক্রিটিসিজম অন্যদের থেকে আলাদা। প্রথমত এই পার্থক্য পরিলক্ষিত হয় এর নৈতিকতার বিচারে। এটি প্রাণ-প্রকৃতির কাছে অঙ্গীকারাবদ্ধ একটি অধ্যয়নতত্ত্ব। কেবল একটি নির্দিষ্ট বিষয়ে প্রকৃতির প্রতি এটি প্রতিশ্রুতিশীল। দ্বিতীয়ত এটি প্রতিশ্রুতির মাধ্যমেই প্রকৃতির সঙ্গে তত্ত্বের সংযোগ তৈরি করে।' (উইকিপিডিয়া থেকে অনূদিত)

সাহিত্যের বিভিন্ন আঙ্গিককে আশ্রয় করে সাহিত্য সমালোচকগণ পরিবেশের বিপর্যয়ের চিত্র ও পরিবেশ বিষয়ক উদ্বেগের কথাগুলোকে গবেষণার মাধ্যমে উপস্থাপন করেন। এই তত্ত্বের সাহায্যে সমসাময়িক পরিবেশ সংকটের একটি সমাধান দেয়া সম্ভব। ইকোক্রিটিসিজম পরিবেশ বিপর্যয়গত সাহিত্যভিত্তিক আলোচনা করে থাকে তবুও পরিবেশ বিপর্যয়ের সমাধান খোঁজা সাহিত্যতত্ত্বের আলোচ্য বিষয় নয়। পুরুষ পণ্য উৎপাদন করে বাণিজ্যিক কারণে আর নারীদের উৎপাদন প্রক্রিয়া তুলনামূলক অবাণিজ্যিক তাই নারীদের হাতে পরিবেশদূষণও কম ঘটে থাকে। এসব ভাবনা থেকে তৈরি হয়েছে নারীবাদী পরিবেশভাবনার। এক্ষেত্রে পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব নতুন চিন্তার জগৎ উন্মোচন করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রে ইকোক্রিটিসিজম বর্তমানে বহুল আলোচিত একটি সাহিত্য আলোচনা পদ্ধতি। মার্কিন যুক্তরাষ্ট্রে সাহিত্য গবেষকগণ পরিবেশ বিষয়ক বিপর্যয় নিয়ে সাংগঠনিকভাবে বেশ কিছুদিন থেকে কাঠামোগত আলোচনা করে আসছে। এরই পরিপ্রেক্ষিতে গঠিত হয়– Association for the Studz of Literature and Environment (ASLE)। ASLE হলো আমেরিকান সাহিত্য তাত্ত্বিকদের প্রতিষ্ঠিত আমেরিকা ও আন্তর্জাতিক সাহিত্যতাত্ত্বিকদের সংগঠন। এটি সাহিত্য ও পরিবেশ বিষয়ক সাহিত্য সমালোচনা, গ্রন্থ প্রকাশ ও তথ্য বিশ্লেষণ করে পত্রিকার মধ্য দিয়ে। ১৯৯২ সালে রেনো নেভেডায় এক বিশেষ সম্মেলনের (Western Literature Association conference) মধ্য দিয়ে প্রতিষ্ঠিত হয় ASLE। ASLE কর্তৃক প্রকাশিত সাহিত্য ও পরিবেশ বিষয়ক

পত্রিকাটি হলো– Interdisciplinary Studies in Literature and Environment (ISLE)। এটি অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস থেকে ত্রৈমাসিক পত্রিকা হিসেবে নিয়মিত প্রকাশ পায়। ইকোক্রিটিসিজম একটি বৃহৎ ধারণা যাকে বিভিন্ন সময় বিভিন্ন নামে অভিহিত করা হয়েছে। কখনো বলা হয়েছে green cultural studies (সবুজ সংস্কৃতির পাঠ), কখনো বলা হয়েছে ecopoetics (গৃহনির্মাণ পাঠ), কখনোবা বলা হয়েছে environmental literary criticism (পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব)। সে যাই হোক না কেন শেষ পর্যন্ত ইকোক্রিটিসিজম শব্দটি বহুল ব্যবহৃত হতে থাকে। ইকোক্রিটিসিজমের মধ্যে আরও আলোচিত হয়– ইকোলজি, পরিবেশের টেকসই নকশা, বায়োপলিটিক্স, পরিবেশগত ইতিহাস, পরিবেশবাদ ও সামাজিক পরিবেশ। তবে ইকোক্রিটিসিজমের ক্ষেত্রে ইকোলজি ও পরিবেশবাদ দুটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। 'জীবের সাথে পরিবেশের সম্পর্ক নির্ণায়ক বিজ্ঞানই হলো-ইকোলজি।' (মুখোপাধ্যায় ২০১২ : ১৯)

ইকোক্রিটিসিজম তত্ত্বের লক্ষ্য নিয়ে বিতর্ক রয়েছে। কেউ বলতে চান এটি পরিবেশ বিপর্যয়ের আলোচনাই শুধু করবে না বরং সমাধান দেবে। কিন্তু অধিকাংশ তাত্ত্বিকদের মতে এটি পরিবেশের বিপর্যস্ত অস্বাভাবিক অবস্থাকে ব্যাখ্যা করবে কিন্তু এর সমাধানের দায়ভার এই তত্ত্বের ওপর বর্তায় না। এরপরও প্রকৃতি নির্ভর সাহিত্য, রোমান্টিক কবিতা, সিনেমা, থিয়েটার ও পুরাণনির্ভর সাহিত্যকে কেন্দ্র করে এই তত্ত্ব দ্রুত বিস্তার লাভ করেছে। Greg Garrad তাঁর *Ecocriticism* গ্রন্থে বলেন–

> Indeed, the widest definition of the subject of ecocriticism is the study of the relationship of the human and the non-human, throughout human cultural history and entiling critical analysis of the term 'human' itself. (Greg Garrad, 2013 : 05)

Cheryll Glotfelty ও Harold Fromm সম্পাদিত The Ecocriticism Reader নামক গ্রন্থে নিম্নোক্তভাবে ইকোক্রিটিসিজমের সংজ্ঞায়ন করেছেন–

> Ecocriticism is the study of the relationship between literature and the physical environment. Just as feminist criticism examines language and literature from a gender-conscious perspectives, and Marxist criticism brings an awareness of modes of production and economic class to its reading of texts, ecocriticism takes an earth-centered approach to literary studies. (Cheryll Glotfelty and Harold Fromm, 1996 : xviii)

অর্থাৎ ইকোক্রিটিসিজম হলো ভৌত পরিবেশ ও সাহিত্যের মধ্যে সম্পর্ক নির্ণায়কবিদ্যা। একজন নারীবাদী সাহিত্য সমালোচক যেভাবে লৈঙ্গিক বৈষম্যের দিক থেকে ভাষা ও সাহিত্যে নারীর অবস্থান নির্ণয়ের চেষ্টা করেন। একজন মার্কসবাদী তাত্ত্বিক যেমন উৎপাদন ও অর্থনৈতিক শ্রেণির সম্পর্ককে ব্যাখ্যা করার চেষ্টা করে তেমনি পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব বাসযোগ্য পৃথিবীকে কেন্দ্রে রেখে সাহিত্যালোচনা সম্পন্ন করে।

জীবনানন্দ দাশকে (১৮৯৯-১৯৫৪) যে অর্থে আমরা প্রকৃতির কবি বলি, যত উচ্চকিত হয়ে আমরা তাকে বাংলাদেশের ভূ-প্রকৃতির কবি বলি ঠিক তার বিপরীতে প্রকৃতি ও পরিবেশ সচেতন কবি বলি না। উপমা প্রয়োগে, রঙের ব্যবহারে, গন্ধের বর্ণনায় জীবনানন্দ অনন্য হয়ে উঠলেও সে সকল অলঙ্কারের পেছনে কত দৃঢ়ভাবে জীবনানন্দ প্রকৃতির পরিবেশ সচেতন রূপ আর বিপর্যস্ত অবস্থা অঙ্কন করেছেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ আলোচনার দাবি রাখে। *রূপসী বাংলা* কাব্যের ভূমিকাংশে কবিভ্রাতা অশোকানন্দ জানিয়েছেন নামহীন কবিতাগুলো মূলত অবিচ্ছিন্ন একটি কবিতা। অবিচ্ছিন্ন এই কাব্যের সকল কবিতার মধ্যে একটি সাধারণ সূত্র যেকোন পাঠকের কাছে সহজেই

ধরা পড়ে। সেই সাধারণ সূত্রটিকে আমরা ‘সবুজ প্রকৃতি’ হিসেবে চিহ্নিত করতে পারি। চিহ্নিত করতে পারি সেই প্রাণবন্ত প্রকৃতির মধ্যে ডুবে থাকা সচেতন জীবনানন্দকে। আর বলা যায়– প্রকৃতি, বাংলার গ্রামীণ জনজীবনের প্রতি প্রেম, ভাললাগা ও শ্রদ্ধা প্রধান হয়ে উঠেছে *রূপসী বাংলা* কাব্যে। জীবনানন্দ দাশ আজকের ইকোক্রিটিসিজমের দৃষ্টিতে সচেতনভাবে পরিবেশ বিষয়ক ভাবনা কবিতার মধ্যে সংযোজন করেননি সেকথা সত্য। কিন্তু পরিবেশের বিপর্যয় সম্পর্কে কবিতায় তিনি স্পষ্টতই সচেতনতার পরিচয় দিয়েছেন। তাঁর *ধূসর পাণ্ডুলিপি*র শেষ দিককার কবিতা ও *রূপসী বাংলা*র কবিতায় এমনকি অন্যান্য কাব্যেও এমন অনেক কবিতা আছে যা পরিবেশ সচেতন জীবনানন্দ দাশকেই মনে করিয়ে দেয়। *রূপসী বাংলা*য় কবি বেশিরভাগ ক্ষেত্রেই সুস্থ ও ভারসাম্যপূর্ণ পরিবেশের চিত্রই এঁকেছেন কবিতায়। এরপরেও বহু কবিতা আছে যেখানে পরাজিত পরিবেশ ও বিপর্যস্ত সবুজ পৃথিবীর সাক্ষাৎ পাওয়া যায়। *রূপসী বাংলা*র কবিতার স্বরকে ইকোক্রিটিসিজমের ভাষায় Ecopoetics স্বর বলা যায়। কবিতায় জীবনানন্দ দাশ শুধু মানবজগত ও সভ্যতাকেই প্রধান করে তোলেননি বরং পৃথিবীর সমস্ত প্রাণীকুলের নিরপেক্ষ অবস্থান তুলে ধরেছেন। শুধু প্রাণী কেন অজৈব ভৌত পরিবেশ ও কাঠামোর ব্যবহার কবিতাকে পরিবেশচেতনায় সমৃদ্ধ করেছে।

বাংলাদেশের নিসর্গ শোভার প্রতি দুর্নিবার আকর্ষণ *রূপসী বাংলা*র মূলকথা। পরিবশেবাদী সাহিত্য আলোচনার ক্ষেত্রে নির্দিষ্ট ভূগোল গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। ভূগোল বিচ্ছিন্ন সাহিত্য পরিবশেবাদী পাঠ দাবি করতে পারে না। আধুনিক সভ্যতার মানুষের ভূমি বিযুক্তির ফলে পরিবেশ নিয়ে দেখা দিচ্ছে অনীহা। মানুষের যখন থাকছে না ভূ-ভাগের সাথে দীর্ঘমেয়াদি যোগসূত্র তখন মানুষ ভাবনার মধ্যে রাখছে না তার আলো, বাতাস, মাটি ও অন্যান্য পরিবেশকে। ফলে বিপর্যস্ত হচ্ছে পরিবেশ। এ সম্পর্কে সুমিতা নন্দী চক্রবর্তী বলেন–

> মানুষের এই না-মানুষী জগৎ সম্পর্কে এই যে অসচেতনতা একে বলা হয়েছে ‘Placelessness’। নগর সভ্যতার যত বিকাশ ঘটেছে তত বেশি স্থানিক সংযুক্তি কমেছে মানুষের। পরিবেশচেতনার মধ্যে রয়েছে এর বিপরীত মানসিকতা। বরং স্থানের সঙ্গে সংযুক্তিই সেখানে কাম্য। জীবনানন্দ দাশের ‘রূপসী বাংলা’র মধ্যে স্থান সম্পর্কে কবির অতি সচেতনতা ও সংযুক্তি লক্ষণীয়। কবি গাছকে গাছ বলে কেবল চেনেন না। তার নাম, ঋতু অনুযায়ী তার পরিবর্তনের সবকিছুকেই প্রকাশ করেন। (কবিতা নন্দী চক্রবর্তী ২০১৭ : ২০৭)

বায়োডাইভারসিটি ও প্রকৃতি পরিবেশের বিরামহীন উৎপাদনকে কবি বিনম্র চিত্তে স্মরণ করেন। মানব নিরপেক্ষভাবে নির্মাণ করেন মনুষ্যেতর জগতের বর্ণনা। মানুষ জীবনানন্দ থাকবেন না কিন্তু পরিবশের বুকে চালতা ফুল শিশিরের জলে ভিজবে। লক্ষ্মীপেঁচা অফুরন্ত গান গাইবে। এমন স্বাভাবিক প্রকৃতি-পরিবেশই কবির কাম্য। ফলে মানুষ মৃত হবে ঠিকই কিন্তু পরিবেশের নিয়ম থাকুক অটুট। প্রকৃতি সচেতন কবি জীবনানন্দ দাশ পরিবেশের কাছে এই আকুতি জানান। সবুজ প্রকৃতির অপার দান যেনো ব্যাহত না হয়। তাই কবির আস্থাশীল উক্তি–

> আমি চ’লে যাব ব’লে
> চালতাফুল কি আর ভিজিবে না শিশিরের জলে
> নরম গন্ধের ঢেউয়ে? (‘সেইদিন এই মাঠ’ : *রূপসী বাংলা*)

তবুও কবির শঙ্কা আছে। বিপর্যয়ের শঙ্কা মানুষের হিংসুটে সভ্যতা বহুবার পৃথিবীকে থমকে দিয়েছে। ফলে ধ্বংস হয়েছে পুরনো ব্যবস্থা। মানুষ নিজেদের গড়া ভৌত পরিবেশ কাঠামোকে নিমেষেই করেছে মলিন। সেকারণে কবির উক্তি– ‘এশিরিয়া ধুলো আজ– বেবিলন ছাই হয়ে আছে’।

ব্যক্তিজীবনে জীবনানন্দ দাশ জীবিকার জন্য দিল্লি, কলকাতা, খুলনা, বরিশাল ঘুরে বেড়িয়েছেন। সবখানেই চাকরি নিয়ে তাকে সহ্য করতে হয়েছে নানা গঞ্জনা। এরই মধ্যে বাংলা অঞ্চলকে ছেড়ে কিছুদিন দিল্লিতে বসবাসের সময়

হয়তো কবি বাংলার গ্রাম ও প্রকৃতি নিয়ে অধিক চিন্তাশীল হয়ে উঠেছিলেন। মায়াবী এই গ্রামজীবনকে কবি সেসময়ই খুব গভীর করে ভাবতে শিখেছিলেন। এ সম্পর্কে ক্লিটন বি সিলি'র মতামত প্রণিধানযোগ্য– 'জীবনানন্দ বিশাল পৃথিবীর অল্পই দেখেছেন, তবে দিল্লিতে থাকার কারণে অল্প কয়েক মাসের জন্য তিনি বাংলার বাইরে ছিলেন। এটাই বোধ হয় তাঁকে তাঁর মফস্বলের বাসভূমির গুণাবলির যোগ্যতা সম্পর্কে নিঃসংশয় করেছিল। বাংলার উদ্ভিদ, পাখপাখালি, নদ-নদী সম্পর্কে তাঁর একটা পাঠই মন্ত্রোচ্চারণের মতো করে বাংলাকে মানসপটে তুলে ধরে।' (ক্লিন্টন বি সিলি ২০১৮ : ১১১)

'তোমার যেখানে সাধ' কবিতায় জৈব পরিবেশ ও ভৌত পরিবেশের অপূর্ব মেলবন্ধন ঘটেছে। 'বাংলা' হয়ে উঠেছে কবির বিস্তৃত ভৌত কাঠামোর অংশ। বিজ্ঞানের ভাষায় ইকোসিস্টেমের অন্যতম উপাদান যাকে আমরা বলি ভূমি কাঠামো। ভোরের বাতাসে কাঁঠাল পাতা ঝরা আর খয়েরি ডানা শালিখের সন্ধ্যায় ঘরে ফেরার বর্ণনা মূলত Time এর ধারণা। অন্যদিকে Sapce বা পরিসর জীবনানন্দ দাশের কবিতায় বাংলা থেকে পৃথিবী ও মহাবিশ্বে সম্প্রসারিত। বাংলা অঞ্চলকে কেন্দ্র করে বিশ্বব্রহ্মাণ্ড পরিভ্রমণ করে এই কবিতা।

> তোমার যেখানে সাধ চ'লে যাও– আমি এই বাংলার পারে
> র'য়ে যাব; দেখিব কাঁঠালপাতা ঝরিতেছে ভোরের বাতাসে
> দেখিব খয়েরি ডানা শালিখের সন্ধ্যায় হিম হয়ে আসে। ('তোমার যেখানে সাধ' : *রূপসী বাংলা*)

কবিতায় এই পরিপূর্ণ শান্ত ও প্রশান্তির বর্ণনা এমন এক পরিবেশভাবনাকে উপস্থাপিত করে যাকে আমরা পরিপূর্ণ ইকোসিস্টেম বলতে পারি। কবিতায় বর্ণিত উপাদান থেকে বলা যায় জীবনানন্দ দাশের দেখা ইকোসিস্টেমের কোনো অংশে কোনো ঘাটতি নেই। *রূপসী বাংলা* কবির কাছে তেমনি Balanced Environment নিয়ে হাজির হয়েছে। কিন্তু কবির শঙ্কা একেবারেই অনুপস্থিত তা বলা যায় না। যখন জীবনানন্দ দাশ বলেন– 'দেখিব মেয়েলি হাত/সকরুণ–শাদা শাঁখা ধূসর বাতাসে/ শঙ্খের মতো কাঁদে;/সন্ধ্যায় দাঁড়াল সে পুকুরের ধারে,'। তখন আমাদের বুঝতে বাকি থাকে না কোথাও না কোথাও বিপর্যয় নেমে আসছে। 'সকরুণ শাদা শাঁখা' ও 'ধূসর বাতাস' দু'টোই বিনষ্ট পরিবেশের প্রতীক। একদিকে নারী জীবনের শোষিত রূপ যাকে পরিবেশবাদী সাহিত্য সমালোচনার ভাষায় Ecofeminisim বলতে পারি। অন্যদিকে দূষিত বায়ুর শঙ্খের মতো সন্ধ্যার আর্তনাদ মরণাপন্ন আধুনিক নগর জীবনের কথাই মনে করিয়ে দেয়। কবি হয়তো সেই শঙ্কাই অনুভব করেছিলেন যে গ্রামের এই আবহ বিনষ্ট হতে যাচ্ছে ভবিষ্যতে। ফলে মানসিক দৃঢ়তা দিয়ে বলতে চাচ্ছেন–

> –তবু জানি কোনোদিন পৃথিবীর ভিড়ে
> হারাব না তারে আমি–সে যে আছে আমার এ বাংলার তীরে ('তোমার যেখানে সাধ' : *রূপসী বাংলা*)

এ আসলে বাংলার প্রকৃতি-পরিবেশ রক্ষারই আকুতি। ভবিষ্যতের মানুষের নিকট কবির আকুল আবেদন যাতে মানুষ এই নিস্তরঙ্গ জীবনকে ধ্বংস না করে।

'বাংলার মুখ' কবিতায় জীবনানন্দ দাশ সুদৃঢ়ভাবে Place attachment'র কথা বলেছেন। আধুনিক নগর সভ্যতায় উদ্বাস্তু জীবনের কারণে মানুষের মনে তার পারিপার্শ্বিক পরিবেশে সম্পর্কে অনীহা তৈরি হচ্ছে। আমরা যেভাবে অপরাপর মানুষকে চিনে নিচ্ছি একইভাবে প্রতিদিনকার পরিবেশে, প্রকৃতিকে চিনতে এতটুকুও চেষ্টা করছি না। ফলে সেই পরিবেশের স্বাভাবিকত্ব বজায় থাকছে কিনা তার চিন্তা আরও দূরবর্তী হয়ে পড়ছে। জীবনানন্দ দাশ Place attachment হিসেবে বাংলাকে বেছে নিয়েছেন। যার কারণেই তিনি পৃথিবীর রূপ খুঁজতে চাচ্ছেন না। আলাদা আলাদা বৈশিষ্ট্যে, রঙে, রূপে, গন্ধে, স্পর্শে তিনি গাছপালা, পশু, পাখি ইত্যাদি জৈব সত্তাকে অনুভব করছেন। ফলে পরিবশের এই উপাদানগুলো অন্য যেকোন সাহিত্যিকের বর্ণনার থেকে অধিক জীবন্ত হয়ে উঠেছে। দোয়েল পাখিকে কবি যখন 'ভোরের দয়েল পাখি' বলে সময়ের ফ্রেমে বাঁধেন তখন তা অধিক জীবন্ত হয়ে ওঠে।

হিজল, বট, তমালের ছায়া যখন নীল মনেহয় তখন একথা বলাই যায় কবি জীবনানন্দ দাশ নিখুঁত জনজীবনের সাথে মিশে গিয়ে প্রগাঢ় পরিবশেকেই ধারণ করেছেন।

Pastoral পরিবেশ টিকে থাকার পিছনে কাজ করে গ্রামীণ মানুষের বিশ্বাস, ধর্ম ও সংস্কার। লোকঐতিহ্য, লোকপুরাণ, গাঁথা-গল্পগুলো এমনভাবে গ্রামীণ সমাজ ও সভ্যতার সাথে জড়িয়ে থাকে যে সেসবের ওপর ভর করে টিকে থাকে সমাজের ভৌত ও জৈব কাঠামো। ফলে জীবনানন্দ দাশ পুরাণের ব্যবহারে লোকপুরাণকেই আশ্রয় করেছেন। মধুকর ডিঙা, বেহুলা-চাঁদ সওদাগরের জীবন বর্ণনার মধ্য দিয়ে এই শ্রেণি কাঠামোর সাথে প্রকৃতির সম্পর্ক কবিতায় আলোচিত হয়েছে। আধুনিক বণিক সভ্যতা যেভাবে পরিবেশের শোষক হয়ে উঠেছে তার বিপরীতে লোকপুরাণের এই বণিক সভ্যতা বরং প্রকৃতির সাথে সহাবস্থান করে চলেছে। এমনকি সাপের আর মানুষের দ্বন্দ্বে প্রাণী সাপেরই পরোক্ষ জয় হলে আমরা প্রকৃতির জয়ই বলতে পারি। কেননা প্রকৃতির অন্য সকল প্রাণী প্রকৃতির অকৃত্রিম ব্যবস্থার সাথে মানিয়ে চললেও মানুষ তার পারিপার্শ্বকে কৃত্রিম করে তুলেছে। মধুকর ডিঙা, হিজল, বট, তমালের নীল ছায়া দেখে, বেহুলা গাঙুড়ের জলে ভাসে। বাংলার নদী মাঠ ভাটফুল ঘুঙুরের মতো বেহুলার দুঃখে কাঁদে। বাণিজ্য আর প্রকৃতিতে এই সহাবস্থানই প্রকৃত প্রকৃতি-বান্ধব সভ্যতা। জীবনানন্দ দাশ তাই প্রতিষ্ঠিত ধর্মীয় পুরাণকে এড়িয়ে লোকপুরাণকেই ব্যবহার করেছেন।

পরিবশেবাদী সাহিত্যে প্রকৃতি ও সংস্কৃতি দু'টি গুরুত্বপূর্ণ আলোচনার বিষয়। প্রকৃতি-পরিবেশ যা মানুষ তৈরি করে না আপনা আপনি হয়ে ওঠে। মানুষ নিজের ভোগলিপ্সায় পড়ে সেই অকৃত্রিম প্রকৃতি ধ্বংস করে। অন্যদিকে সংস্কৃতি তৈরি করে মানুষ। কখনো কখনো সংস্কৃতি হয়ে ওঠে প্রকৃতি আগ্রাসী ও পরিবেশ বিধ্বংসী। যেমন মানুষের যুদ্ধাংদেহি মনোভাব পরিবশেকে বিপন্ন করে তোলে। ফলে অশুভ সংস্কৃতি প্রকৃতিকে শাসন করে, প্রকৃতিকে পেষণ করে অগ্রসর হয়।

> প্রকৃতিকে যে অর্থেই ব্যাখ্যা করা হোক না কেন শব্দটির মধ্যে লুকিয়ে রয়েছে একটি মর্মার্থ যা হল প্রকৃতি আসলে স্বয়ম্ভূ। প্রকৃতি হল পরিবেশের সেই অংশ যা মনুষ্য-সৃষ্ট নয়। অন্যদিকে সংস্কৃতি পরিপূর্ণভাবেই মনুষ্যসৃষ্ট পরিবেশ। এই প্রাথমিক এবং মৌলিক তফাতটি থাকলেও সমাজ বিবর্তনের ধারা পথে সংস্কৃতি কখনো প্রকৃতির সহায়ক, কখনো বিরোধী, কখনো পারস্পারিক নির্ভরশীল। ইকোক্রিটিকরা তাই আলোচনায় মানুষের সঙ্গে পরিবেশের সম্পর্ক বোঝাতে গিয়ে প্রকৃতি ও সংস্কৃতির সম্পর্ক সূত্রটি সামনে এনেছেন। (কবিতা নন্দী চক্রবর্তী ২০১৭ : ৩৯)

জীবনানন্দ দাশের কবিতায় সংস্কৃতির সেই রূপটি পরিলক্ষিত হয় যা প্রকৃতির সাথে সহাবস্থানে চলে। ভিন্ন আগ্রাসী সংস্কৃতিকে জীবনানন্দ দাশ মানবসভ্যতার জন্য হুমকি মনেকরেন। সেকারণে কবি ভোরের বক ও মাছরাঙা দেখতে চান। বাংলার ঘাসে বসতে চান। রামপ্রসাদের শ্যামা, বিশালাক্ষী, শঙ্খমালা ও চন্দ্রমালার কাঁকনের ধ্বনি শুনতে চান। উপর্যুক্ত চরিত্রগুলোর যে অকৃত্রিম গ্রামীণ জীবন তার মধ্যে আছে প্রকৃতির সাথে নিবিড় যোগাযোগ। কবি সচেতনভাবেই তাদের স্মরণ করেন। শুধু তাই নয় তাদের অনুপস্থিতি নিয়ে শঙ্কাও অনুভব করেন–

> যেই ঘাস একদিন শঙ্খমালা চন্দ্রমালা মানিকমালার
> কাঁকন বাজিত, আহা, কোনোদিন বাজিবে কি আর। ('যতদিন বেঁচে আছি' : *রূপসী বাংলা* )

পরিবেশচেতনার অন্যতম তিনটি পর্যায় হলো– মানবকেন্দ্রিকতাবাদ (Anthropocentrism), প্রাণকেন্দ্রিকতাবাদ (Bio-centrism), বাস্তুকেন্দ্রিকতাবাদ (Eco-centrism)। কবিতা নন্দী চক্রবর্তী এই তিন পর্যায়ের বর্ণনার ক্রমটি সুনির্দিষ্ট করেছেন তাঁর *বাংলা সাহিত্যে পরিবেশচেতনা* গ্রন্থে। মানুষ নিজেকে শ্রেষ্ঠ বলে প্রচার করার মধ্যে লুকিয়ে ছিলো মানবকেন্দ্রিকতাবাদ। মানুষই পৃথিবীর কেন্দ্রে। মানুষের জন্যই সকল উপাদানের সৃষ্টি। এই ভয়াবহ চিন্তা সর্বস্তরের সৃষ্টির ওপর মানুষের শোষণের বৈধতা দিয়েছে। অন্যদিকে এই সহজ সত্যটা আজও প্রতিষ্ঠিত নয় যে–

প্রাণ মাত্রই পৃথিবীতে বাঁচার অধিকার রাখে। শুধু মানুষের প্রয়োজনে বাঁচা নয় বরং স্বভাবতই বাঁচা সকল প্রাণের ধর্ম। প্রাণকেন্দ্রিকতাবাদে সকল ধরনের জীবিত প্রাণীকুলকে একই সারিতে স্থাপন করা হল। কিন্তু পরিবেশের উপাদান শুধু প্রাণ বা প্রাণী নয়। বরং প্রাণহীন বস্তু, নদী-নালা, খালা-বিল, আকাশ অর্থাৎ শূন্য পরিসর (Space) সবই পরিবেশের অন্তর্গত। বাস্তুকেন্দ্রিকতাবাদ সেই জীব ও জড় উভয়কেই একত্রিত করলো। ইকোসিস্টেমের পারস্পারিক শৃঙ্খলাকে স্বীকার করে বাস্তুকেন্দ্রিকতাবাদ পরিবেশের সকল উপাদানকে সমান করে দেখতে চাইলো।

*রূপসী বাংলা*র 'আবার আসিব ফিরে' কবিতায় মূলত বাস্তুকেন্দ্রিকতাবাদের দেখা মেলে। মানুষ নিজেকে পরিবেশ প্রকৃতির প্রভু আর ভাবছে না। ফলে কবি শঙ্খচিল আর শালিখের রূপ ধরার ইচ্ছা পোষণ করছেন। কোনো সুদর্শন পোঁকা, কোনো হাঁস বা কোনো লক্ষ্মীপেঁচা যেকোনো প্রাণেই নিজের সত্তাকে ধারণ করতে চান কবি। এক্ষেত্রে মানুষের প্রভুত্বকামী বা মানবজীবনের শ্রেষ্ঠত্বের লোভ কবির কাছে গৌণ। লক্ষ্মীপেঁচা ও মানুষ এখানে একাকার হয়ে গিয়েছে। শুধু প্রাণ নয় বরং কোনো কিশোরীর হাঁসের পায়ের ঘুঙুর দেখেও চেনা যাবে কবি জীবনানন্দ দাশকে। শেষ চরণে এসে কবি মনে করছেন কোনো কিশোর বালক রূপসার ঘোলা জলে ডিঙা বেয়ে যাচ্ছে। কিন্তু পরক্ষণেই কবি নিজেকে ধবল বক হিসেবে উপস্থাপন করছেন। মানুষ যখন আপন সত্তাকে এমন সর্বস্তরের প্রাণীকুলের মধ্যে দেখতে পায় তখন মানুষ আর নিজেকে কেন্দ্রের প্রভু ভাবতে পারে না। মানুষ তখন হয়ে ওঠে ইকোসিস্টেমের অন্যান্য উপাদানের মতই একটি উপাদান মাত্র। ফলে কবির কল্পনারাজ্য নিরাপদ প্রাণীকুলের অভয়ারণ্যে ঘুরে বেড়ায়। শঙ্খচিল, শালিখ, হাঁস, লক্ষ্মীপেঁচা বক ইত্যাদি পরিবেশের উপাদান। শুধু তাই নয় এসব সজীব উপাদান, প্রাণময় সত্তা। অন্যদিকে ধানসিঁড়ি তির, কার্তিকের নবান্ন, কলমীর গন্ধ, রূপসার ঘোলা জল এসব পরিবেশের অজৈব উপাদান। এসকল উভয় উপাদানকে সঙ্গে নিয়ে কবি স্থিত সবুজ প্রকৃতির মধ্যে বারবার বিচরণ করতে চান। প্রাণকে শুধু মানুষের সত্তা দিয়ে উপলব্ধি নয় বরং অন্যান্য প্রাণীর জীবনধারণের মধ্য দিয়ে ভিন্ন স্বাদের জীবনকে উপভোগ করাও কবির লক্ষ্য। পরিবেশবাদ বাস্তুকেন্দ্রিকতায় পরিবেশের সকল উপাদানকে সমানভাবে উপস্থাপন করে থাকে। কিন্তু এই উপস্থাপন মানুষের বুদ্ধি দিয়ে, মানুষের দৃষ্টি দিয়ে। আর কবি সেই বাস্তুকেন্দ্রিকতার উপাদানগুলোর প্রতি শুধু দরদই দেখা না বরং নিজেই হয়ে ওঠেন বাস্তুকেন্দ্রিকতার উপাদান। ফলে পরিবেশ সমুন্নত রাখার গুরুত্বের কথাটা কবিতায় আর আলাদা করে বলে দেয়ার প্রয়োজন পড়ে না। একটি ধবল বক মানে মানুষ, একটি লক্ষ্মীপেঁচা মানে মানুষ, একটি শঙ্খচিলই জীবনানন্দ দাশ। তাহলে কোন পরিবেশের ক্ষতি আমরা করতে পারি!

পৃথিবীর প্রাণের কেন্দ্রে বসে আছে মানুষ। অন্য প্রাণ ও উদ্ভিদরাজির আছে স্বভাবজাত বৈশিষ্ট্য। মানুষের আছে চিন্তা ও কর্মের স্বাধীনতা। প্রাণ-প্রকৃতি তাই শত অত্যাচারেও নিজের বৈশিষ্ট্যে বিচ্যুত হয় না। সেই প্রাণ-প্রকৃতি নিয়ে কবির দ্বিধা নেই। পরিবেশের এই ধারাবাহিক কর্মকাণ্ডে প্রকৃতি উদার চিত্তে দান করে যাবে তার অকৃত্রিম ফসল। প্রকৃতি ও বৃক্ষাদির এই অফুরন্ত দানের বিপরীতে বরং সভ্যতাদর্পী মানুষ প্রাণ-প্রকৃতির পরিপন্থী হয়ে দাঁড়াবে। কদমের ডালে পেঁচা গান গাইবে, জ্যোৎস্নায় ভরে থাকবে পৃথিবী, সাপমাসী ফড়িংকে লক্ষ্মীপেঁচা আহ্বান করবে কিন্তু এসকল কর্মকাণ্ড মানুষ দেখবে না। যদিও এখানে নিজের অনুপস্থিতির কথাকেই প্রধান করে তুলেছেন কবি কিন্তু এরপরও মানব সভ্যতার অনুপস্থিতির নিবিড় ব্যাপারটি পাঠকের চোখ এড়িয়ে যায় না।

'আজ তারা কইসব' কবিতায় সরাসরি জীবনানন্দ দাশ হারানো হিজল গাছ, ঠোঁট-ভাঙা দাঁড়কাক ও বোলতার চাকের অনুপস্থিতির কথা উল্লেখ করেছেন। খুব বেশি সময়ের ব্যবধান নয় বরং কবির ছেলেবেলার দেখা প্রকৃতির সাথে পরিপূর্ণ বয়সী কবির পৃথিবীতে অনেক তফাৎ। যে শৈশবে কবি পুকুরের জলের উপর হিজল গাছ দেখেছেন তা আজ আর নেই। দাঁড়কাকের বিলুপ্তীর শঙ্কা জীবনানন্দের সময়ে হয়তো এতো প্রকট ছিল না কিন্তু বর্তমানে দাঁড়কাক অনেক কমে এসেছে। ঠোঁট ভাঙা দাঁড়কাক শব্দের মধ্যেই সহজে মেলে বিপর্যয়ের চিত্র। প্রকৃতি বিপর্যয়ের কারণে

দাঁড়কাকের জন্য পর্যাপ্ত বৃক্ষ ও পরিবেশ অবশিষ্ট থাকছে না। হিজল বৃক্ষের ব্যাপারটিও তেমন। যে হিজল জীবনানন্দ দাশের সময়ে অযত্নে অবহেলায় পুকুর ধারে, জলাশয়ের ধারে, বন-বাদাড়ে বেড়ে উঠতো তাকে বর্তমানে যত্নে পার্কে-উদ্যানে রোপণ করতে হচ্ছে। প্রাণী ও উদ্ভিদের এই স্বাভাবিক প্রক্রিয়া যে বিনষ্টের দিকে তা ভবিষ্যৎদ্রষ্টা কবি মাত্রই তা বুঝতে সক্ষম। জীবনানন্দ দাশও তার ব্যতিক্রম নন।

সে আমার ছেলেবেলা হবে,
জানালার কাছে এক বোলতার চাক ছিল–হৃদয়ের গভীর উৎসবে
খেলা ক'রে গেছে তারা কত তিন– ('আজ তারা কই সব' : *রূপসী বাংলা*)

জীবনানন্দ দাশের কবিতায় পরিবেশ ও পারিপার্শ্বিক জীবন যেনো পাঠকের সাথে কথোপকথন করে। এমন চিত্র কবি নির্মাণ করেন যাতে নির্বাক প্রাণ ও বস্তু যেনো সবাক ও প্রাণবাণ হয়ে ওঠে। বিশেষ করে *রূপসী বাংলার* জন্য এই কথা অধিক প্রযোজ্য। পরিবেশের নিখুঁত নামকরণ, বৃক্ষ লতাদিকে আলাদা আলাদা নামে পরিচিত করান কবি। এমনকি বর্ণ ও গন্ধের অনুভূতিপ্রবণ কাব্যশৈলী জীবনানন্দ দাশের কবিতাকে অধিক পরিবেশবাদী কবিতার মর্যাদা দেয়। শুধু প্রাণ-প্রকৃতিকে বিশেষ্যের মাধ্যমে চেনা নয় বরং বিশেষ্যকে যথোপযুক্ত বিশেষণে আরও উজ্জ্বল করে তোলেন তিনি। শুধু প্রাণের ক্ষেত্রেই নয় জীবনানন্দ দাশের নদী আসে বিশেষ নাম নিয়ে, বিশেষ বৈশিষ্ট্য নিয়ে আসে– চাল, ধান ও অন্যান্য শস্য। যেনো নাম দিয়ে কবি একেকজন মানুষকে পরিচয় করিয়ে দিচ্ছেন। আর একথা সত্য যে রূপসী বাংলায় মানুষের তুলনায় প্রকৃতি অধিক জীবন্ত। আর চরিত্র হিসেবে মানুষের উপস্থিতি নেই বললেই চলে। সমালোচক ক্লিন্টন বি সিলি বলনে– 'তাঁর এই গ্রন্থটিতে বাস্তবের জীবিত মানুষ প্রায় অনুপস্থিত। কারণ তাঁর বাংলা বৈশিষ্ট্যপূর্ণভাবে মানবসমাজসৃষ্ট নয়, কেবল স্থির মানবজীবনসৃষ্ট। লালাভ পায়ের তরুণী, খই ছড়ানোরত শিশু, যুবক মাঝি–নদী ও বৃক্ষের মতো প্রাকৃতিক প্রতিবেশের উপাদান হিসেবে ক্রিয়াশীল থেকে নীরব কুশীলব যেন সৃষ্টি করে জীবন্ত দৃশ্যপট।' (ক্লিন্টন বি সিলি ২০১৮ : ১১৪)

এসব বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে জীবনানন্দ দাশের *রূপসী বাংলার* কবিতা থেকে পরিবেশের উপাদানগুলোকে আলাদা করে চিহ্নিত করা যায়।

*রূপসী বাংলার* ভৌত পরিবেশকে দুটি উপাদানে ভাগ করা যায়– জৈব পরিবেশ ও অজৈব পরিবেশ। জৈব পরিবেশের মধ্যে– বৃক্ষাদি সবুজ উদ্ভিদ, ফুল, ফল, পাখি, কীটপতঙ্গ, পশু, জলজ প্রাণী। অজৈব পরিবেশের মধ্যে– আকাশ, শূন্যে ভাসমান গ্রহ-নক্ষত্র, নদ-নদী, সমুদ্র ও অন্যান্য।

**জৈব পরিবেশের উপাদান :**

**গাছ-গাছড়া :** কাঁঠাল, হিজল, কলমী, ডুমুর, জাম, বট, অশত্থ, ফণীমনসা, শটিবন, তমাল, কদম, আকন্দ, বাসকলতা, মুথাঘাস, বেত, ধুন্দল, তেঁতুল, বঁইচি, শিমুল, হেলেঞ্চা, বাঁশ, তাল, মধুকূপী ঘাস, গোলপাতা, আশশ্যাওড়া, সজিনা, জারুল, নোনা, করমচা, বেল, বুনো চালতা, সুপারি, ক্ষীরুই, ফল্‌সা, ঢেঁকিশাক, সর্ষে, চিনিচাঁপা, পান, পামগাছ, এলাচি, দারুণচিনি, আলোকলতা, দ্রোণফুল, মৌরি, গাব, জিউলি, বাবলা, মাকাল, নিম, সুন্দরী, লালশাক, খইধান, খাগড়া, পাট, শ্যাওলা।

**ফুল :** চালতা, অপরাজিতা, ভাঁটফুল, চাঁপাফুল, ভেরেন্ডা ফুল, করবী, শেফালি, শেয়ালকাঁটা, কাঁঠালীচাঁপা, পলাশ, মাদার, আকন্দ, কাশ, গোলাপ, পদ্ম।

**ফল :** কামরাঙা, নাটাফল, কুল, আম, তেঁতুল, জাম, বটফল, আনারস, লিচু, নোনা, আতা, করমচা, জামরুল।

**পাখি :** লক্ষ্মীপেঁচা, খয়েরি ডানা শালিখ, খইরাঙা হাঁস, দোয়েল, শ্যামা, বক, মাছরাঙা, পেঁচা, খঞ্জনা, বউ কথা কও, গাঙশালিখ, হাঁস, দাঁড়কাক, নিমপাখি, শঙ্খচিল, চড়াই, নিমপেঁচা, কোকিল, ঘুঘু, বাদুড়, ফিঙে, রাজহাঁস।

**পশু :** ঘোড়া, বাঘ, মেঠো ইঁদুর, বেজি, কুকুর, বিড়াল।

**কীটপতঙ্গ :** গঙ্গাফড়িং, কাঁচপোকা, প্রজাপতি, শ্যামাপোকা, ভোমর, গুবরে পোকা, সুদর্শন, জোনাকি, ভীমরুল, মৌমাছি, সাপমাসি, ফড়িং, ঝিঁঝি, বোলতা, পিঁপড়া।

**জলজ প্রাণী :** সরপুঁটি, চাঁদা, ব্যাঙ, চিতল, গুগলি, শামুক, মরাল।

**অন্যান্য :** মৌরি ধান, বাসমতী চাল, শালিধান, রূপশালি ধান, খই ধান।

বাংলাদেশের নিজস্ব যে নিসর্গ-পরিবেশ জীবনানন্দ সেই প্রাকৃতিক সবুজ বনভূমি বেষ্টিত বাংলাদেশকে তাঁর কবিতায় তুলে ধরেছেন। যে সমস্ত গাছ, পাখি, ফুল ও ভৌগোলিক পরিবেশের বর্ণনা রয়েছে তা একান্তই বাংলা অঞ্চলের। পরিপূর্ণ বাংলার গ্রামীণ জীবনের বাস্তুসংস্থান আসলে ঠিক কোন ধরনের হতে পারে তা জীবনানন্দ দাশের কবিতায় স্পষ্ট হয়ে উঠেছে। যার ফলে বিদেশি গাছপালা, বনভূমি বা ভূগোলের বর্ণনা *রূপসী বাংলা*য় পাওয়া যায় না। এমনকি কবি এই বাংলার মাঠ-প্রান্তর ছেড়ে অন্য কোথাও যেতে চান না। কবি মালাবারে যেতে চান না, তার ইচ্ছা নেই পামগাছের সারি দেখার কারণ কবির কাছে বাসমতী ধানক্ষেতেই উৎকৃষ্ট দর্শনীয় প্রকৃতি। মালাবারতো এক পাথুরে নগরী। তাই এই কবির বর্ণনায় ভেসে ওঠে দক্ষিণ বাংলার গ্রামীণ জীবনের পরিপূর্ণ সবুজ চিত্র। 'তোমার যেখানে সাধ', 'বাংলার মুখ আমি', 'যতদিন বেঁচে আছি', 'আবার আসিব ফিরে', 'এই ডাঙা ছেড়ে হায়'– এসব কাব্যভাষায় কবি মূলত বাংলা অঞ্চলের নিসর্গের কথাই বললেন। এই অঞ্চলের প্রকৃতি-পরিবেশের সাথে যেসকল উপাদান নিজেদেরকে যুগযুগান্তরে মানিয়ে নিয়েছে সেসবের কথাই বললেন। ফলে পরিবেশবাদী পাঠের সেই কথাটি এখানে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে–

Any living thing that hopes live on earth must fit into the ecosphere or perish. Barry Commoner, *The Closing Cricle*. [উদ্ধৃত. Cheryll Glotfelty & Harold Fromm (edit.) 1996 : 105]

ফলে জীবনানন্দ দাশ যে প্রকৃতি ছেড়ে যেতে চান না সেই প্রকৃতিতে বেড়ে ওঠা বৃক্ষাদিরই বর্ণনা কবিতা দেন।

> –আমি কোনো-মতে
> বাসমতী ধানক্ষেত ছেড়ে দিয়ে মালাবারে–উটির পর্বতে
> যাব নাকো, দেখিব না পামগাছ মাথা নাড়ে সমুদ্রের পানে
> কোন্ দেশে, ('এই ডাঙা ছেড়ে হায়' : *রূপসী বাংলা*)

বাসমতী ধান দেশি শস্য বলেই বাস্তুসংস্থানে টিকে আছে বাংলাদেশে। তেমনি পামগাছ বিদেশি বৃক্ষ বলেই বাংলাদেশে বড়ো বেমানান। কবি সেসব বেমানান বাস্তুসংস্থানে বেখাপ্পা প্রকৃতির নিকট যেতে রাজি নন।

পরিবেশে ভাবুক রবীন্দ্রনাথ গাছের ফলকে শুধু শস্যপিণ্ড হিসেবে দেখেননি বরং সৌন্দর্য হিসেবে দেখেছেন। কিন্তু পৃথিবীর বিশ্বযুদ্ধোত্তর পরিণতি অতি উপযোগবাদ ও ভোগবাদেও বিষময় স্রোতে পড়ে প্রকৃতির সকল উপাদানকে নিছক ভোগের সামগ্রী মনে করছে। ফলে শিকার প্রবণতা, বনধ্বংস, অধিক উৎপাদনের পরিবেশ বিপর্যয়ী কৃত্রিম প্রক্রিয়া যেমন বেড়েছে তেমনি মানুষের হিংস্র লোলুপ দৃষ্টির কাছে প্রকৃতি ভোগের সামগ্রীতে পরিণত হয়েছে। কবি জীবনানন্দ ঠিক একই দৃষ্টিকোণ থেকে প্রকৃতির রূপ অপার বিস্ময়ে পান করতে চান। নিছক ভোগ থেকে দূরে থাকতে চান। ধনতান্ত্রিক উপযোগবাদকে দূরে ঠেলে দিয়ে তিনি কবিতায়– দীঘিতে মাছের বিচরণ দেখতে চান, মাছ

শিকারে তার অনীহা। কিশোরীকে দিয়ে গাছ থেকে পতিত লিচু, জামরুল কুড়ানোর চিত্র আঁকেন। প্রকৃতি যতটুকু উজার করে দেয় ঠিক যেনো ততটুকুই গ্রহণ করতে চান। অধিক প্রাপ্তির দুর্নিবার আশা যেনো স্বর্ণডিম দানকারী রাজহাঁসটির মৃত্যুর কারণ না হয় সেদিকটি জীবনানন্দ দাশ স্মরণে রাখেন।

> তাল্‌তা বাঁশের ছিপ হাতে র'বো– মাছ আমি ধরিব না কিছু;–
> দীঘির জলের গন্ধে রূপালি চিতল তার রূপসীর পিছু
> জামের গভীর পাতা-মাখা শান্ত নীল জলে খেলিছে গোপনে ('চ'লে যাব শুকনো পাতা-ছাওয়া' : *রূপসী বাংলা*)

লোকবিশ্বাসের সাথে জড়িয়ে আছে মানুষের প্রাগৈতিহাসিক জীবনের ইতিহাস। ফলে বনভূমি ও পশুপাখির সাথে সহৃদয়মূলক সম্পর্কের অন্যতম উপাদান হয়ে দাঁড়ায় এই লোকবিশ্বাস ও লোকপুরাণ সমূহ। কখনো কখনো বিশেষ জাতিগোষ্ঠীর টোটেম হয়ে দাঁড়ায় কোন বৃক্ষ অথবা কোনো পশু। কোনো কোনো আদিম জনগোষ্ঠীর লৌকিক ধর্মবিশ্বাসের সাথে জুড়ে যায় প্রকৃতি। ফলে কথিত আধুনিক সভ্যতার বাইরের মানুষ নিয়মতান্ত্রিকভাবে প্রকৃতির প্রতি শ্রদ্ধাপরায়ণ হয়ে ওঠে। এই শ্রদ্ধা নিছক আনুষ্ঠানিকতা নয় বরং জীবন যাপনের ক্ষেত্রে তারা ধারণ করে সেই বিশ্বাস ও শ্রদ্ধা। আদিম জনগোষ্ঠী আচরণে, ভাষায় ও কর্মে ধারণ করে সেই বৈশিষ্ট্য। *রূপসী বাংলা*র কবিতায় দেখা মেলে এমন অনেক লৌকিক চরিত্রের। যে চরিত্রগুলো আগ্রাসী আধুনিক মানুষের সংস্কৃতিকে নয় বরং অকৃত্রিম মানুষের জীবনব্যবস্থাকেই চিত্রায়িত করে। চাঁদ-চম্পা, বেহুলা, সনকা, শঙ্খমালা, চন্দ্রমালা, মানিকমালা, মনসা, কঙ্কাবতী, ভাসান, মাথুর, কাঞ্চনমালা, বিশালাক্ষী ইত্যাদি বহু ব্রাত্যজীবনের চরিত্র ও সংস্কৃতি *রূপসী বাংলায়* বর্ণিত হয়েছে। মনসার সাথে সাপের যে সম্পর্ক তা মূলত ভয়ার্ত বনে ঘেরা জনজীবনের মানুষের সংস্কৃতির অংশ। এইসব লোকদেবতার প্রভাবে মানুষ বন্যপ্রাণী ও পরিবেশকে সম্মানের উচ্চ আসনে বসিয়ে রাখে। ফলে আধুনিক শিক্ষায় উচ্চকিত কবি প্রশ্ন তোলেন– 'ফণীমনসার বনে মনসা রয়েছে না কি?' ফণীমনসা ও মনসা শুধু শব্দগত মিলই নয় বরং বৃক্ষ ও সাপের পারস্পারিক বেঁচে থাকার অধিকারকেই নির্দেশ করে। পরিবেশের জন্য কন্টকাকীর্ণ ফণীমনসার ঝোপ যেমন দরকার তেমনি ঝোপ-ঝাড় থাকলে বন্যপ্রাণী অভয়ে বেড়ে উঠতে পারে বলেই কবি জীবনানন্দ দাশ ফণীমনসা ও মনসাকে পাশাপাশি উল্লেখ করেন। কঙ্কাবতী, শঙ্খমালার চুলে কবি অকৃত্রিম চাঁপাফুলের ঘ্রাণ পান। কবির কাছে প্রেয়সীর চুল নরম জামের মতো মনেহয়, আঙুল হয়ে ওঠে ঘুঘুর বুকের মত, অপরাজিতার মতো নীল হয় আকাশ, বেতের ফলের মত ব্যথিত হয় মুখ। এইসব শুধু উপমার নতুনত্ব নয় বরং পাঠককে করে তোলে প্রকৃতি ও পরিবেশভাবুক মানুষ। প্রাণ-প্রকৃতিকে গভীরভাবে না জানলে এমন সূক্ষতর অনুভূতিকে ব্যাখ্যা করা যায় না। যখন জীবনানন্দ দাশ বলেন– 'ফণীমনসার ঝোপে শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে'। তখন পরিবেশের নিছক তুচ্ছতম উপাদান হিসেবে ফণীমনসা ও শটিবন মহত্ত্বর জায়গা করে নেয় পাঠকের মনে। পাঠকের চিত্রকল্পে ভেসে ওঠে দোয়েল পাখির ছায়া ফণীমনসা ও শটিবনে ঠিক কত মায়া তৈরি করতে পারে তার রূপ। পরিবেশের এই জৈব ও অজৈব উপাদান যা আমাদের প্রতিদিনকার দেখা তার যে কাব্যিক মূল্য কত অসীম আর সেই পরিবেশ টিকে থাকলে সৌন্দর্য দেখার অমূল্যক্ষণ মানুষকে ভাবনার কত গভীরতর স্তরে নিয়ে যেতে পারে সে কথাই জীবনানন্দ দাশ বলতে চান। *রূপসী বাংলা*র বেশিরভাগ কবিতাতে জীবনানন্দ দাশ পরিপূর্ণ পৃথিবীর সুস্থ পরিবেশের ছবি এঁকেছেন। সন্ধ্যায় শালিখের ঘরে ফেরা, গ্রামে গরুর গাড়ির দৃশ্য, খড়ের স্তূপে ভরা আঙিনা ইত্যাদির মধ্য দিয়ে তিনি মূলত স্বাভাবিক জনজীবনের কথাই বলেছেন। এই বর্ণনার মধ্যে বিপর্যস্ত পরিবেশের কথা নেই বললেই চলে। কিন্তু পরিবেশবাদী পাঠ শুধু বিপর্যস্ত পরিবেশের কথাই বলে না বরং লেখকের বর্ণনায় বহুবিচিত্র বৃক্ষ, লতা ও প্রাণীকুলের বাঙময় বর্ণনার কথাও পরিবেশবাদী সাহিত্য সমালোচনার অন্যতম আলোচ্য বিষয়।

পৃথিবীর সব ঘুঘু ডাকিতেছে হিজলের বনে;
পৃথিবীর সব রূপ লেগে আছে ঘাসে,
পৃথিবীর সব প্রেম আমাদের দু'জনার মনে;
আকাশ ছড়ায়ে আছে শান্তি হয়ে আকাশে আকাশে। ('সন্ধ্যা হয়– চারিদিকে': *রূপসী বাংলা*)

আজকালকার শহুরে জীবনে যে সারি সারি অট্টালিকা ঘনবসতিপূর্ণ বাড়িঘর তাতে কোথায় আকাশের পর আকাশ দেখা যায়! ফাঁকা প্রান্তর বা শূন্য আকাশের দেখা মেলা সেখানে ভার। কবির প্রশান্তির প্রেম আধুনিক নাগরিক জীবনে আকাশে আকাশে ছড়ানোর চিত্রকল্প নির্মাণকে বাধাগ্রস্ত করে তোলে। অন্যদিকে এমন সুসামঞ্জস্যপূর্ণ গ্রামবাংলার রূপ, এমন নির্মল বায়ু, ছায়া, পাখি– মৃত্যুর পর কবি আর দেখবেন না। এই দর্শনের সুখ, চোখের আরাম থেকে বঞ্চিত হবেন ভেবে জীবনানন্দ দাশ ব্যথিত হয়ে উঠেছেন। যে লক্ষ্মীপেঁচার মুখ ভালো করে দেখা হয় নাই, জিউলি আর বাবলার ফাঁকে যে জোনাকির আলো ভালো করে দেখা হয় নাই– মৃত্যুর মুহূর্তে গিয়ে সেসব অপূর্ণ সাধ আর দেখা না-দেখা দৃশ্যের কথাই বারবার মনে পড়বে। ধনতান্ত্রিক উপযোগবাদকে পায়ে ঠেলে, প্রয়োজনের হিসেবকে দূরে রেখে জীবনানন্দ দাশ সৌন্দর্য ও উপভোগ্য পৃথিবীর নির্মাণ করেন তাঁর কবিতায়। ফলে তার বর্ণিত বৃক্ষ-পল্লব, পশুপাখির সাথে মানুষ ইকোসিস্টেমের সাধারণ সদস্য হয়ে ওঠে। একাকার হয়ে যায় বৃক্ষ, লতা, পাখি আর মানুষ। মানুষের দাম্ভিক শ্রেষ্ঠত্ব তখন মানুষকে আর কৃত্রিম বাস্তুতন্ত্রের মধ্যে বন্দি রাখতে পারে না। পরিবেশের প্রাকৃতিক যে খাদ্যশৃঙ্খল তার থেকে নিজেকে অহং দৃষ্টিতে উন্নতভাবা বা স্বতন্ত্র ভাবার মধ্যে প্রাকৃতিক ব্যবস্থাকে ব্যাহত করার মানসিকতা লুকিয়ে থাকে। ফলে মানুষ হয়ে ওঠে অন্য সকল প্রাণীকুলের ভয়ের কারণ।

জীবনানন্দ দাশ মানুষের প্রভুত্ব থেকে সাধারণের পর্যায়ে নিজেকে নামিয়ে দেখতে চান। কবি জীবনানন্দ পৃথিবীর রূপ ভালোবাসতে চেয়েছেন। অফুরন্ত অবসর নিয়ে তিনি সমুদ্রের জলে নিজেকে পবিত্র করতে চেয়েছেন। রাঙা ক্ষান্ত কার্তিকের মাঠ ভালোবেসেছেন। তিনি যেমন ফড়িঙের জীবন প্রত্যাশা করেন তেমনি পরিবেশের ভৌত কাঠামোর অজৈব উপাদান মাঠ অথবা নদীর গোলাপি ঢেউয়ের সাথে কথা বলেন। এইসব বর্ণনার মধ্যে পরিবেশের গুরুত্বের কথা সরাসরি কিছু নেই। সরাসরি পরিবেশের গুরুত্ব বর্ণনা করা সাহিত্যিকের কাজও নয়। কিন্তু গন্ধ দিয়ে, রঙ দিয়ে, স্বাদ দিয়ে বাংলাদেশের গ্রাম-বাংলাকে অনুভব করা মানেই প্রকৃতির প্রতি আস্থাশীল হয়ে, প্রকৃতির রক্ষক হয়ে তাকে আপনার মধ্যে অনুভব করা। এই অন্তর্গত প্রকৃতি অনুভবের অনন্য সাধারণ কাব্য *রূপসী বাংলা*।

**আকর গ্রন্থ**

দাশ, জীবনানন্দ। কবিতাসমগ্র। আবদুল মান্নান সৈয়দ সম্পা.। ঢাকা : অবসর, ২০০৮।

**তথ্যপঞ্জি**

আসগর, ড. আলী। পরিবেশ ও বিজ্ঞান। ঢাকা : বর্ণায়ন, ২০১৭।

কবির, মুহাম্মদ হুমায়ুন। পরিবেশকোষ। ঢাকা : মাওলা ব্রাদার্স, ২০০৮।

গুপ্ত, শুভেন্দু। পরিবেশ নিয়ে ভাবতে শেখালেন যাঁরা। কলকাতা : পত্রলেখা, ২০১৬।

। প্রাচীন ভারতে পরিবেশ চিন্তা। কলকাতা : সাহিত্য সংসদ, ২০১২।

গুহ, ভূমেন্দ্র। আলেখ্য: জীবনানন্দ। কলকাতা : আনন্দ পাবলিশার্স, ২০১২।

চক্রবর্তী, কবিতা নন্দী। বাংলা সাহিত্যে পরিবেশচেতনা। কলকাতা : আশাদীপ, ২০১৭।

ঠাকুর, রবীন্দ্রনাথ। বনবাণী, রবীন্দ্র রচনাবলী। ৮ম খণ্ড। সুলভ সং., বিশ্বভারতী কলকাতা : ১৪২১।

দত্ত, প্রদীপ। জলবায়ু বদলে যাচ্ছে পৃথিবী বিপন্ন। কলকাতা : গাঙচিল, ২০১৫।

মুখোপাধ্যায়, দেবলীনা। পরিবেশ-ভাবনা ও প্রয়োগে রবীন্দ্রনাথ। কলকাতা : গাঙচিল, ২০১২।

রায়, মোহিতসম্পা। পরিবেশ চর্চা : ইতিহাস ও বিবর্তন। কলকাতা : অনুষ্টুপ, ২০১৫।

রুদ্র, সুব্রত সম্পা। জীবনানন্দ : জীবন আর সৃষ্টি। কলকাতা : নাথ পাবলিশিং, ২০১১।

শর্মা, দ্বিজেন। নিসর্গ, নির্মাণ ও নান্দনিক ভাবনা। ঢাকা : দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, ২০০৭।

। কুরুচি তোমার লাগি। ঢাকা : উৎস প্রকাশন, ২০০৭।

সিলি, ক্লিটন বি। অনন্য জীবনানন্দ। ফারুক মঈনউদ্দীন অনু.। ঢাকা : প্রথমা, ২০১১।

Carson, Rachel. *Silent Spring*. Greenwich Conn : Fawcett Publications, Inc., 1962.

Garrard, Greg. *Ecocriticism*. London and New York : Routledge, 2012.

.*Teaching Ecocriticism and Green Cultural Studies*. London : Palgrave, 2012.

Howarth, Willam. 'Some Principles of Ecocriticism'. *The Ecocriticism Reader*. Cheryll Glotfelty & Harold Fromm edit.. Athens and London : The University of Georgia Press, 1996.

Huggan, Graham & Tiffin, Helen. *Postcolonial Ecocriticism*. Abingdon : Routledge, 2015.

Love, Glen A. *Practical Ecocriticism*. Charlottesville and London : University of Virginia press, 2003.